গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

**(শুল্ক)**

প্রজ্ঞাপন

**তারিখঃ ১০ মাঘ ১৪১৪বঙ্গাব্দ/২৩ জানুয়ারি, ২০০৮ খ্রিষ্টাব্দ**

**এস, আর, ও, নং ১৮-আইন/২০০৮/২১৭৪/শুল্ক।**- Customs Act, 1969 (IV of 1969) এর section 207, section 219 এবং Third Schedule এর Item 21 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**- এই বিধিমালা ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্টস (লাইসেন্সিং ও কার্য-পরিচালনা) বিধিমালা, ২০০৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "আইন" অর্থ Customs Act, 1969 (IV of 1969);

(খ) "কনসাইনি" অর্থ ট্রান্সপোর্ট-ডকুমেন্ট বা পরিবহন চুক্তিপত্রে কনসাইনি হিসাবে উল্লিখিত আমদানিকারক বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি;

(গ) "কনসাইনর" অর্থ ট্রান্সপোর্ট-ডকুমেন্ট বা পরিবহন চুক্তিপত্রে কনসাইনর হিসাবে উল্লিখিত রপ্তানীকারক বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ;

(ঘ) "ক্যারিয়ার" অর্থ আকাশ, নৌ, সড়ক বা রেলপথে পণ্য গন্তব্যে পরিবহণের দায়িত্ব গ্রহণকারী কোন ব্যক্তি ;

(ঙ) "ট্রান্সপোর্ট ডকুমেন্ট" অর্থ পণ্য চালান পরিবহণের ক্ষেত্রে, ক্যারিয়ার, ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্ট বা মাল্টিমোডাল ট্রান্সপোর্ট অপারেটর কর্তৃক ইস্যুকৃত নেগোশিয়েবল বা নন-নেগোশিয়েবল মাল্টিমোডাল ট্রান্সপোর্ট-ডকুমেন্ট, বিল-অব-লেডিং, এয়ারওয়ে বিল, রেলওয়ে রিসিট, ট্রাক রিসিট, ফরওয়াডার্স কার্গো রিসিট বা সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক স্বীকৃত অন্য কোন পরিবহন দলিল ;

(চ) "বিপদজনক পণ্য" অর্থ International Maritime Dangerous Goods Code এবং International Air Transport Association- Dangerous Goods Regulation এর অধীন শ্রেণী বিন্যাসকৃত সকল পণ্য;

(ছ) "ডেলিভারি" অর্থ কনসাইনি বা তৎকর্তৃক নিয়োজিত প্রতিনিধির নিকট কোন পণ্য চালান সরবরাহকরণ;

(জ) "ডেলিভারি এজেন্ট" অর্থ পণ্য ডেলিভারি প্রদানের জন্য কোন বিদেশী মাল্টিমোডাল ট্রান্সপোর্ট অপারেটর বা ক্যারিয়ার কর্তৃক নিয়োগকৃত ব্যক্তি;

(ঝ) "পণ্য" অর্থ আমদানিকারক, রপ্তানিকারক, মাল্টিমোডাল ট্রান্সপোর্ট অপারেটর বা শিপিং লাইন কর্তৃক পণ্য রপ্তানি বা গন্তব্যস্থলে পণ্য ডেলিভারি প্রদানের জন্য, নিয়োগপ্রাপ্ত ফ্রেইট ফরওয়ার্ডিং কর্তৃক বাংলাদেশ ব্যাংক হইতে সময় সময় জারীকৃত শর্তানুযায়ী প্রাপ্য কমিশন বা, ক্ষেত্রমত, চার্জ, সকল প্রকার কর, যাবতীয় ব্যয় বা অন্যান্য আর্থিক সুবিধা;

(ঞ) "ফরওয়ার্ডার" অর্থ রপ্তানীকারকের পণ্য জাহাজীকরণের ব্যবস্থা গ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(ট) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত ফরম;

(ঠ) "ফ্রেইট ফরওয়ার্ডার" অর্থ অন্যের দ্বারা মোড়কজাতকৃত বা মোড়কজাতকরণ ব্যতীত, পণের বিনিময়ে, মোড়কজাতকরণসহ বা মোড়কজাতকরণ ব্যতীত, কোন পণ্য আমদানি বা রপ্তানির উদ্দেশ্যে গন্তব্য স্থলে পণ্য ডেলিভারি প্রদানের জন্য বাণিজ্যিক ভিত্তিতে পরিবহন সংক্রান্ত কার্যে নিয়োজিত ফরওয়ার্ডার, মাল্টিমোডাল ট্রান্সপোর্ট অপারেটর বা ডেলিভারি এজেন্ট বা পরিবহন কার্য সম্পাদনকারী প্রতিষ্ঠান বা সংস্থা;

(ড) ''বন্দর কর্তৃপক্ষ'' অর্থ Chittagong Port Authority Ordinance, 1976 (Ord.No. LII of 1976) এর অধীন গঠিত চট্রগ্রাম বন্দর কর্তৃপক্ষ, Mongla Port Authority Ordinance, 1976 (Ord.No. LIII of 1976) এর অধীন গঠিত মংলা বন্দর কর্তৃপক্ষ, Civil Aviation Authority Ordinance, 1985 (Ord.No. XXXVIII of 1985) এর অধীন গঠিত বেসামরিক বিমান পরিবহন কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থল বন্দর কতৃপক্ষ আইন, ২০০১ (২০০১ নরে ২০ নং আইন) এর অধীন গঠিত বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ এবং Inland Shipping Ordinance, 1976 (Ord.No. LXXII of 1976) এর অধীন নৌ পরিবহণে নিয়োজিত এবং বৈদেশিক জাহাজ আগমনযোগ্য বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত নৌবন্দরের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ;

(ঢ) "বোর্ড" অর্থ National Board of Revenue Order, 1972 (P.O.No 76 of 1972) এর অধীন গঠিত জাতীয় রাজস্ব বোর্ড;

(ণ) "মাল্টিমোডাল ট্রান্সপোর্ট অপারেটর" অর্থ কোন ফ্রেইট ফরওয়ার্ডার বা শিপিং লাইন কর্তৃক একাধিক পরিবহণ মাধ্যমে (যথা- নৌ, সড়ক, আকাশ বা রেলপথ) পণ্য পরিবহণের জন্য টান্সপোর্ট-ডকুমেন্ট ইস্যুকারী এবং কোন নির্দিষ্ট মাল্টিমোডাল পরিবহণে অংশগ্রহণকারী ক্যারিয়ারের প্রিন্সিপাল হিসাবে দায়ভার গ্রহণকারী ব্যক্তি;

(ত) "লাইসেন্স" অর্থ বিধি ৬ এর অধীন প্রদত্ত কোন লাইসেন্স;

(থ) "লাইসেন্সিং কর্তৃপক্ষ" অর্থ বিধি ৩ এ উল্লিখিত লাইসেন্সিং কর্তৃপক্ষ;

(দ) "লাইসেন্সি" অর্থ বিধি ৬ এর অধীন লাইসেন্সপ্রাপ্ত ফ্রেইট ফরওয়ার্ডার;

(ধ) "ব্যক্তি" অর্থ কোন স্বাভাবিক ব্যক্তি, কোম্পানী, অংশীদারী কারবারী, লিমিটেড কোম্পানী বা প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত হইবে;

(ন) "শিপিং এজেন্ট" অর্থ Regulations for Working of Chittagong Port (Cargo and Container), 2001 এর section 2(79) এ সংজ্ঞায়িত শিপিং এজেন্ট।

৩। **লাইসেন্সিং কর্তৃপক্ষ**।- এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, [1][কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ এর বিধি ৩ এর অধীন গঠিত লাইসেন্সিং কর্তৃপক্ষই] এই বিবিধমালার অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ হইবে।

৪। **লাইসেন্সিং কর্তৃপক্ষের দায়িত্ব**।- লাইসেন্সিং কর্তৃপক্ষের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথাঃ-

(ক) লাইসেন্সের জন্য আবেদনপত্র গ্রহণ;
(খ) প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা;
(গ) লাইসেন্স প্রদান;
(ঘ) লাইসেন্স নবায়নকরণ;
(ঙ) লাইসেন্স সাময়িকভাবে স্থগিতকরণ;
(চ) লাইসেন্সির দায়িত্ব পালনে কোন প্রকার অবহেলার প্রমাণ পাওয়া গেলে বা দায়িত্ব পালনে ব্যর্থতার ক্ষেত্রে আইনগত ব্যবস্থা গ্রহণ;
(ছ) লাইসেন্স বাতিলকরণ;
(জ) আইন এবং এই বিধিমালার অধীন লাইসেন্সির কার্যক্রম পর্যালোচনা ও পরিবীক্ষণসহ অন্য কোন দায়িত্ব পালন।

৫। **লাইসেন্সের জন্য আবেদন**।- এই বিধিমালার অধীন লাইসেন্স প্রাপ্তির জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট নিম্নবর্ণিত কাগজ পত্রাদিসহ ফরম 'ক' তে আবেদন করিতে হইবে,যথাঃ-

(ক) হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি;
(খ) টি, আই, এন, সনদপত্র [Taxpayers Identification Number (TIN) Certificate] [2][সহ মূল্য সংযোজন কর ন্ধন পত্রের কপি];
(গ) আয়কর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সর্বশেষ নিরূপিত আয়ের সার্টিফিকেট বা আয়কর নির্ধারণী আদেশ (আই, টি ৮৮) [৩][****] এর কপি;
(ঘ) আর্থিক স্বচ্ছলতার প্রমাণ স্বরূপ ব্যাংকের সনদপত্র;
(ঙ) আবেদনকারী কোন সংস্থা বা প্রতিষ্ঠান হইলে, উক্ত সংস্থা বা প্রতিষ্ঠানের প্রধান ও তাঁহার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি এবং প্রযোজ্য ক্ষেত্রে উক্ত সংস্থা বা প্রতিষ্ঠানের সকল পরিচালকের [৪][জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপিসহ] তিন কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি;
(চ) আবেদনকারী কোন কোম্পানী হইলে, উক্ত কোম্পানীর নিবন্ধন সনদপত্র, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেলস অব এসোসিয়েশনের [৫][কপিসহ উহার ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সকল পরিচালকের জাতীয় পরিচয়পত্রের কপি];
(ছ) অফিসের স্থানের মালিকানার দলিল বা ভাড়া অফিস হইলে, চুক্তিনামার কপি;
(জ) বোর্ড কর্তৃক নির্ধারিত খাতে প্রদেয় লাইসেন্সের আবেদন ফি হিসাবে অফেরৎযোগ্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকার ট্রেজারী চালান বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;
(ঝ) ফ্রেইট ফরওয়ার্ডিং সেবার সহিত সংশ্লিষ্ট কাজে কোনো অভিজ্ঞতা থাকিলে উহার সংক্ষিপ্ত বিবরণ।

---

[১] এস,আর,ও নং ১৯৭-আইন/২০১০/২৩১৫/শুল্ক তাং ১০ জুন, ২০১০ দ্বারা প্রতিস্থাপন।

[২] এস,আরও নং ১৩৯-আইন/২০১৪/২৫০৩/কাস্টমস তারিখ ০৫ জুন, ২০১৪ দ্বারা সন্নিবেশিত

[৩] এস,আর,ও নং ১৯৭-আইন/২০১০/২৩১৫/শুল্ক তাং ১০ জুন, ২০১০ দ্বারা বিলুপ্ত।

[৪] এস,আরও নং ১৩৯-আইন/২০১৪/২৫০৩/কাস্টমস তারিখ ০৫ জুন, ২০১৪ দ্বারা সন্নিবেশিত

[৫] এস,আরও নং ১৩৯-আইন/২০১৪/২৫০৩/কাস্টমস তারিখ ০৫ জুন, ২০১৪ দ্বারা সন্নিবেশিত

৬। **লাইসেন্স প্রদান**।- (১) বিধি ৫ এর অধীন কোনো আবেদন প্রাপ্তির পরবর্তী ৩০(ত্রিশ) কার্য দিবসের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ, বাছাই ও পরীক্ষান্তে উক্ত আবেদনপত্র মঞ্জুর বা নামঞ্জুর করিবে অথবা প্রয়োজনে অন্য যে কোন তথ্য সরবরাহ করিবার জন্য আবেদনকারীকে নির্দেশ দিতে পারিবে।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ লিখিত পরীক্ষা বা মৌখিক সাক্ষাৎকার বা উভয়বিধ মাধ্যমে আইন ও তদসংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে আবেদনকারীর জ্ঞান ও গ্রাহককে যথাযথ সেবা প্রদানের যোগ্যতা যাচাইপূর্বক লাইসেন্স প্রদানের বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হইলে, উক্ত সিদ্ধান্ত লিখিতভাবে আবেদনকারীকে অবহিত করিতে হইবে এবং উক্তরূপে অবহিত হইবার [৬][৪৫ (পঁয়তাল্লিশ) কার্য দিবসের] মধ্যে আবেদনকারীকে নিম্নলিখিত সনদপত্র, জামানত, অংগীকারনামা বা দলিলাদি লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবরে দাখিল করিতে হইবে, যথাঃ-

[৭][(ক) সম্পূর্ণ বিদেশী মালিকানাধীন কোম্পানী বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে ন্যুনতম ১(এক) কোটি টাকার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা আনয়ন এবং তাহা পরিশোধিত মূলধন দেখাইয়া বাংলাদেশের রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ ও ফার্মস এর অধীনে নিবন্ধন হওয়া সংক্রান্ত কাগজপত্র ;

(খ) লাইসেন্স প্রাপ্তির জন্য আংশিক বিদেশী মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে বিদেশী অংশীদারের শেয়ার মোট শেয়ারের ৪৯% (শতকরা ঊনপঞ্চাশ) ভাগের উর্ধ্বে নয় এবং ন্যূনতম ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পরিশোধিত মূলধন দেখাইয়া বাংলাদেশের রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ ও ফার্মস এর প্রত্যয়নপত্র ও নিবন্ধন হওয়া সংক্রান্ত কাগজপত্র;]

(গ) জামানত হিসাবে লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে বিদেশের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত -

(অ) সম্পর্ণ বিদেশী মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে, ৫ (পাঁচ) লক্ষ মার্কিন ডলার; এবং
(আ) আংশিক বিদেশী মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে, ১ (এক) লক্ষ মার্কিন ডলার,

এর নিঃশর্ত ও অব্যাহত গ্যারান্টি ও উক্ত গ্যারান্টির বিপরীতে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক হইতে অনুরূপ নিঃশর্ত ও অব্যাহত কাউন্টার [৮][গ্যারান্টি];

(ঘ) সম্পর্ণ বাংলাদেশী মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে, জামানত হিসাবে লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ৩ (তিন) লক্ষ টাকার নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি;

---

[৬] এস,আর,ও নং ১৯৭-আইন/২০১০/২৩১৫/শুল্ক তাং ১০ জুন, ২০১০ দ্বারা প্রতিস্থাপন।

[৭] এস,আর,ও নং ১৪৮-আইন/২০০৯/২২৫১/শুল্ক তাং ১১ জুন, ২০০৯ দ্বারা প্রতিস্থাপন।

[৮] এস,আর,ও নং ১৪৮-আইন/২০০৯/২২৫১/শুল্ক তাং ১১ জুন, ২০০৯ দ্বারা প্রতিস্থাপন।

(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে Foreign Exchange Regulation Act, 1947 মোতাবেক বাংলাদেশ ব্যাংকের অনুমোদনপত্র;

(চ) মূল্য সংযোজন কর নিবন্ধনপত্র;

(ছ) বন্দর কর্তৃপক্ষের নিকট তালিকাভুক্তির সনদপত্র এবং বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন এর সদস্যভুক্তির সনদপত্র;

(জ) লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট সততা, নিষ্ঠা ও পেশাগত দক্ষতার সহিত দায়িত্ব পালনের অঙ্গীকারনামা;

(ঝ) লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে লাইসেন্স ফি বাবদ অফেরতযোগ্য ৫০ (পঞ্চাশ) হাজার টাকার ট্রেজারী চালান বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত দলিলাদি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হইলে ১৫(পনের) কার্য দিবসের মধ্যে ফরম 'খ' তে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স প্রদান করিবে।

(৫) যদি কোন কারণে লাইসেন্সের আবেদন নামঞ্জুর করা হয় বা লাইসেন্স প্রদান না করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়, তাহা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত নামঞ্জুরের কারণ ও সিদ্ধান্তের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ৩(তিন) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে আবেদনকারীকে অবহিত করিবে।

৭। **লাইসেন্সিং কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল**।- বিধি ৬ এর অধীন প্রদত্ত লাইসেন্সিং কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি উক্ত সিদ্ধান্ত সম্পর্কে অবহিত হইবার ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে আইনের ধারা ১৯৩ মোতাবেক কার্যক্রম গ্রহণ করিতে পারিবেন।

৮। **লাইসেন্সের অধিক্ষেত্র, মেয়াদ, ইত্যাদি**।-(১) কোন লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত লাইসেন্স উহার অধিক্ষেত্রে অবস্থিত কাস্টমস হাউজ বা কাস্টমস স্টেশনের জন্য প্রযোজ্য হইবে এবং উক্ত প্রযোজ্যতার বিষয়টি সুনির্দিষ্টভাবে লাইসেন্সে উল্লেখ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, একজন লাইসেন্স অন্য কোন কাস্টমস হাউজ বা কাস্টমস স্টেশনে কার্যক্রম পরিচালনা করিতে চাহিলে, তাহাকে সংশ্লিষ্ট কাস্টমস হাউজ বা কাস্টমস স্টেশনে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট লাইসেন্স হিসাবে ফরম 'গ' তে তালিকাভুক্ত হইতে হইবে, উক্তরূপে তালিকাভুক্ত লাইসেন্স তালিকাভুক্ত কাস্টমস হাউস বা কাস্টমস স্টেমনের জন্য মূল লাইসেন্সের মেয়াদকালে একজন লাইসেন্সি হিসাবে গণ্য হইবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন তালিকাভুক্তির ক্ষেত্রে, সংশ্লিষ্ট লাইসেন্সি তাহার লাইসেন্সের কপি তালিকাভুক্তির আবেদনের সহিত জমা প্রদান করিতে হইবে।

(৪) তালিকাভুক্তির জন্য কোন লাইসেন্সিকে কোন প্রকার ফি পরিশোধ করিতে হইবে না।

(৫) লাইসেন্স নবায়ন বা মেয়াদ পূর্তির পূর্বে বাতিল করা না হইলে, লাইসেন্স প্রদানের তারিক হইতে পরবর্তী ২ (দুই) বৎসর মেয়াদে উহা বহাল থাকিবে।

৯। **লাইসেন্স নবায়ন**।- (১) লাইসেন্স নবায়ন ফি হইবে ১০ (দশ) হাজার টাকা এবং উক্ত টাকার সমপরিমাণ ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডারসহ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে আবেদন

করিতে হাইবে এবং লাইসেন্সের কাজ-কর্ম সন্তোষজনক বিবেচিত হইলে এবং যথাযথ মনে করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত লাইসেন্স নবায়ন করিাতে পারিবে।

(২) লাইসেন্স নবায়নের আবেদন পত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করিতে হইবে, যথাঃ-

(ক) হালনাগাদ ট্রেড লাইসেন্সে;

(খ) হালনাগাদ টি, আই, এন, সনদপত্র [Taxpayers Identification Number (TIN) Certificate];

(গ) আয়কর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সর্বশেষ নিরূপিত আয়ের সার্টিফিকেট বা আয়কর নির্ধারণী আদেশ (আই টি ৮৮) এবং [৯][হালনাগাদ পরিশোধিত আয়কর সনদ] এর কপি;

(ঘ) প্রযোজ্য ক্ষেত্রে Foreign Exchange Regulation Act, 1947, এর শর্ত মোতাবেক বাংলাদেশ ব্যাংকের অনুমোদনপত্র;

(ঙ) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক চাহিত অন্য যে কোনো তথ্য বা দলিলপত্র।

১০। **লাইসেন্স হস্তান্তর**।- এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স হস্তান্তরযোগ্য হইবে না।

১১। **ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে কার্য-সম্পাদন**।- (১) লাইসেন্সিং কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিয়া লাইসেন্সি তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে তাঁহার কার্য-সম্পাদন করিতে পারিবে।

(২) লাইসেন্সির পক্ষে কার্য-সম্পাদনের জন্য মনোনীত প্রতিনিধি বা প্রতিনিধিরবৃন্দের নাম, প্রত্যেক প্রতিনিধির দুই কপি সত্যায়িত ছবি, সত্যায়িত নমুনা স্বাক্ষরসহ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন দাখিল করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন কার্য-সম্পাদনের জন্য সর্বোচ্চ ৫ (পাঁচ) জন প্রতিনিধিকে ক্ষমতা প্রদানের অনুমতি প্রদান করা যাইবে।

১২। **লাইসেন্সির কার্যক্রম তত্ত্বাবধান**।- Foreign Exchange Regulation Act, 1947 ও তদধীনে প্রণীত বিধির বিধান বা অন্য কোন নির্দেশনা, আদেশ লাইসেন্সি কর্তৃক যথাযথভাবে প্রতিপালিত হইতেছে কি না উহা তত্ত্বাবধানের জন্য বাংলাদেশ ব্যাংক যথাপোযুক্ত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

১৩। **লাইসেন্সির দায়িত্ব ও কর্তব্য**।- এই বিধিমালার অধীন লাইসেন্সির দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথাঃ-

(ক) কোন আমদানি [১০][ও] রপ্তানী চালানের বিপরীতে ফ্রেইট ফরওয়ার্ডিং বিষয়ে প্রযোজ্য সকল বিধি-বিধান বা আন্তর্জাতিক বাধ্যবাধকতা প্রতিপালনক্রমে কার্য-সম্পাদন করিবে;

(খ) লাইসেন্সিকে কনসাইনি প্রদর্শন করিয়া কোন ইমপোর্ট জেনারেল মেনিফেস্ট দাখিল করা হইলে বা কোন ভুল তথ্য প্রদান করা হইলে লাইসেন্সি নিজ দায়িত্বে উক্ত মেনিফেস্ট বা

---

[৯] এস,আর,ও নং ১৯৭-আইন/২০১০/২৩১৫/শুল্ক তাং ১০ জুন, ২০১০ দ্বারা প্রতিস্থাপন।

[১০] এস,আর,ও নং ১৭৭-আইন/২০১২/২৪০৫/শুল্ক তাং ৭ জুন, ২০১২ দ্বারা প্রতিস্থাপন।

তথ্য দাখিলের ২(দুই) কার্য দিবসের মধ্যে প্রয়োজনীয় সংশোধনীর ব্যবস্থা গ্রহণপূর্বক সংশোধিত ইমপোর্ট জেনারেল মেনিফেস্ট দাখিলের ব্যবস্থা গ্রহণ করিবে, যাহাতে শুল্ক কর্তৃপক্ষ উক্ত মেনিফেস্ট সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারে এবং উক্তরূপে কোন সিদ্ধান্ত গ্রহণ করা হইলে লাইসেন্সি নিজ দায়িত্বে সংশোধিত ইমপোর্ট জেনারেল মেনিফেস্ট সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে;

(গ) প্রত্যেক লাইসেন্সি গ্রাহককে বোর্ড কর্তৃক নির্ধারিতরূপে ওয়ান-স্টপ সার্ভিস প্রদানের ব্যবস্থা গ্রহণ করিবে;

(ঘ) কনসাইনি কর্তৃক যথাযথ শুল্ক সংক্রান্ত আনুষ্ঠানিকতা প্রতিপালন শেষে মূল অথবা, ক্ষেত্রমত, ব্যাংক এনডোর্সকৃত ট্রান্সপোর্ট ডকুমেন্ট ও শুল্ক কর্তৃপক্ষের পণ্য খালাস অর্ডার দাখিল করার ১ (এক) কার্য দিবসের মধ্যে লাইসেন্সি তাহার আইনগত সকল দায় নিষ্পন্ন করিবে ও কনসাইনি কর্তৃক দাখিলকৃত ট্রান্সপোর্ট ডকুমেন্টে বর্ণিত আইনানুগ শর্ত অনুযায়ী পণ্য ডেলিভারি প্রদান করিবে;

(ঙ) ব্যবসা সংক্রান্ত দলিলপত্র লাইসেন্সির অফিসে ৫ (পাঁচ) বৎসর মেয়াদ বা বোর্ড কর্তৃক নির্ধারিত অন্য কোন মেয়াদে সংরক্ষণ করিতে হইবে এবং যথোপযুক্ত শুল্ক কর্মকর্তা, বোর্ড, বন্দর কর্তৃপক্ষ বা বাংলাদেশ ব্যাংক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কর্মকর্তা কর্তৃক নিরীক্ষা বা তদন্তের প্রয়োজনে চাহিদা মোতাবেক যে কোন দলিলপত্র বা উহার অনুলিপি সরবরাহ করিতে হইবে;

(চ) পণ্য চালান বন্দরে অবতরণের ন্যূনতম ২(দুই) কার্য দিবস পূর্বে পণ্যের বিস্তারিত বিবরণ, পণ্য অবতরণের সম্ভাব্য তারিখ ও সময়, জাহাজের বিবরণ এবং প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি উল্লেখ করিয়া কনসাইনির বরাবরে নোটিশ প্রেরণ করিতে হইবে এবং পণ্যের বিদেশী রপ্তানিকারক বা তাহার উপযুক্ত বৈধ এজেন্টের নিকট হইতে ট্রান্সপোর্ট ডকুমেন্ট এ অন্যবিধ লিখিত বৈধ নির্দেশনা পাওয়া না গেলে আমদানিকৃত চালানের সকল দায়-দায়িত্ব, চালান গ্রহণের সময় হইতে ডেলিভারি পর্যন্ত, লাইসেন্সি বহন করিবে;

(ছ) কন্টেইনার, প্যাকেজ বা প্যালেট বন্দরে অবতরণের পর ১(এক) কার্য দিবসের মধ্যে ক্যারিয়ার বা তাহার স্থানীয় এজেন্ট হইতে লাইসেন্সি উহা গ্রহণ করিবে এবং কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনের আনুষ্ঠানিকতা সম্পন্ন করিয়া লেস কনটেইনার লোড (এলসিএল) পণ্য বন্দরের শেডে সংরক্ষণের ব্যবস্থা করিবে;

(জ) পণ্য রপ্তানির ক্ষেত্রে, কোন মাল্টিমোডাল ট্রান্সপোর্ট অপারেটর বা কোন ফরওয়ার্ডার কর্তৃক নিয়োজিত ক্যারিয়ার বা এজেন্ট যেন বিদেশী কোন কনসাইনির ব্যাংকের এনডোর্সকৃত ট্রান্সপোর্ট ডকুমেন্ট ব্যতীত বাংলাদেশ হইতে রপ্তানিকৃত কোন পণ্য হস্তান্তর না করে তাহা নিশ্চিত করিবে এবং রপ্তানীকৃত পণ্য চালানের সকল দায়-দায়িত্ব ,উক্ত চালান গ্রহণের সময় হইতে পণ্য ডেলিভারি পর্যন্ত, লাইসেন্সি বহন করিবে;

(ঝ) কোন পরিবহন চুক্তিপত্রে পণ্য ডেলিভারির সুনির্দিষ্ট সময় উল্লেখ থাকিলে, উক্ত সময়সীমার মধ্যে পণ্য পরিবহন ও ডেলিভারির কার্যক্রম সম্পন্ন করিতে হইবে; উক্ত চুক্তিপত্রে ডেলিভারির সুনির্দিষ্ট সময় উল্লেখ না থাকিলে, কনসাইনি কর্তৃক যথাযথ শুল্ক সংক্রান্ত আনুষ্ঠানিকতা প্রতিপালন শেষে মূল ট্রান্সপোর্ট ডকুমেন্ট অথবা, ক্ষেত্রমত,

ব্যাংক এনডোর্সকৃত ট্রান্সপোর্ট ডকুমেন্ট ও শুল্ক কর্তৃপক্ষের পণ্য খালাস আদেশ দাখিল করিবার ২(দুই) কার্য দিবসের মধ্যে লাইসেন্সি আইন ও এই বিধিমালার অধীন সকল দায় নিষ্পন্নক্রমে কনসাইনি কর্তৃক দাখিলকৃত ট্রান্সপোর্ট ডকুমেন্টে বর্ণিত শর্ত অনুযায়ী পণ্য ডেলিভারি প্রদান করিবে; অন্যথায় উহা অযৌক্তিক বিলম্ব গণ্যে সকল দায় লাইসেন্সির উপর বর্তাইবে;

(ঞ) পণ্য পরিবহনে যথাযথ যত্নবান হইবে এবং যদি যুক্তিসঙ্গত কারণে লাইসেন্সি ও কোন রপ্তানিকারকের মধ্যে সম্পাদিত চুক্তি মোতাবেক ডেলিভারির সময় হইতে ৯০(নব্বই) দিনের মধ্যে পণ্য ডেলিভারি প্রদান না করা হয়, তাহা হইলে উক্ত পণ্য হারাইয়া গিয়াছে (total loss) বলিয়া গণ্য হইবে এবং এই বিধির অধীন ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করিতে হইবে;

(ট) বোর্ড কর্তৃক সময় সময় সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা নির্ধারিত অন্য কোন দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন করিতে হইবে।

১৪। **লাইসেন্সির অধিকার।- এই বিধিমালার অধীন প্রত্যেক লাইসেন্সির নিম্নবর্ণিত অধিকার থাকিবে, যথা ঃ-**

(ক) লাইসেন্সি তাহার নিয়োগকারী কনসাইনি বা কনসাইনর এর নিকট হইতে ট্রান্সপোর্ট ডকুমেন্ট অনুযায়ী পাওনা আদায়ের জন্য ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স প্রণীত সর্বশেষ ইউসিপি, অন্যান্য আন্তর্জাতিক বিধি-বিধান এবং বৈধ চুক্তির আওতায় পণ্যের উপর লিয়েন প্রয়োগ করিতে পারিবে;

(খ) লাইসেন্সি তাহার নিয়োগকারী কনসাইনি বা কনসাইনর কর্তৃক যথাযথভাবে কোন পণ্য বিপদজনক পণ্য হিসাবে ঘোষণা প্রদান না করা হইলে, উহা হইতে উদ্ভুত কোন দুর্ঘটনার জন্য লাইসেন্সি কনসাইনর বা, ক্ষেত্রমত, কনসাইনির নিকট ক্ষতিপূরণ দাবী করিতে পারিবে;

(গ) কোন পণ্য চালান মূল ট্রান্সপোর্ট ডকুমেন্ট বা ব্যাংক এনডোর্সকৃত ট্রান্সপোর্ট ডকুমেন্ট এর বিপরীতে উপযুক্ত কনসাইনিকে পণ্য ডেলিভারি প্রদান করা মাত্র উক্ত পণ্য পরিবহনে নিয়োজিত অংশগ্রহণকারী সকল পক্ষ দায়মুক্ত বলিয়া গণ্য হইবে;

(ঘ) এই বিধিমালার অধীন পণ্য ডেলিভারির জন্য বিদ্যমান আইন ও ট্রান্সপোর্ট ডকুমেন্টের চুক্তি মোতাবেক লাইসেন্সি কনসাইনি বা কনসাইনরের নিকট কোন অর্থ পাওনা হইলে উহা পরিশোধিত না হওয়া পর্যন্ত লাইসেন্সি পণ্য ডেলিভারি বন্ধ রাখিতে পরিবে এবং উক্তরূপে কোন বিরোধের উদ্ভব হইলে উহা কোন পক্ষের আবেদনের ভিত্তিতে বন্দর কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

১৫। **লাইসেন্স বাতিল**।- (১) নিম্নবর্ণিত এক বা একাধিক কারণে লাইসেন্সিং কর্তৃপক্ষ কোন লাইসেন্স বাতিল করিতে পারিবে, যথাঃ-

(ক) লাইসেন্সি কর্তৃক আইন ও এই বিধিমালার কোনো বিধান ভঙ্গ করা হইলে;
(খ) লাইসেন্সি কর্তৃক কর্তব্য পালনে অবহেলা বা অদক্ষতা প্রদর্শন করা হইলে;

(গ) যথোপযুক্ত শুল্ক কর্মকর্তাকে ব্যবসায়িক দলিলপত্র প্রদর্শন করিতে ব্যর্থ হইলে বা প্রয়োজনবোধে উহা হইতে অনুলিপি বা ছায়ালিপি সংগ্রহে সহযোগিতা না করিলে;

(ঘ) শুল্ক কর্তৃপক্ষ, বন্দর কর্তৃপক্ষ বা বাংলাদেশ ব্যাংকের নিকট মিথ্যা ঘোষণা প্রদান করিলে অথবা ক্রটিপূর্ণ কিংবা জাল দলিল প্রদান অথবা কোন দলিলাদি অবৈধভাবে পরিবর্তন, পরিমার্জন, পরিবর্ধন বা অপসারণ করিলে;

(ঙ) শুল্ক-কর ফাঁকি দিলে কিংবা শুল্ক-কর ফাঁকি দিতে সহায়তা করিলে;

(চ) নিয়োগকারী কনসাইনি বা কনসাইনর এর সহিত সম্পাদিত বৈধ চুক্তি অনুযায়ী কার্যক্রম পরিচালনায় বিধি বহির্ভূত কোন আচরণ করিলে;

(ছ) উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইলে;

(জ) উপযুক্ত আদালত কর্তৃক ফৌজদারী অপরাধে দণ্ডিত হইলে; এবং

(ঝ) মিথ্যা অভিযোগ, ভয়-ভীতি বা কোন অন্যায় সুযোগ-সুবিধা প্রদানের মাধ্যমে কোন কর্মকর্তা-কর্মচারীকে প্রভাবিত করার চেষ্টা করিলে।

(২) কোন লাইসেন্সিকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদান না করিয়া উপ-বিধি (১) এর অধীনে লাইসেন্স বাতিল করা যাইবে না।

১৬। **লাইসেন্স সাময়িকভবে স্থগিতকরণ**।- লাইসেসিং কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোনো লাইসেন্সির অনুকূলে প্রদত্ত লাইসেন্স অবিলম্বে স্থগিত করা আবশ্যক, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ এই বিধিমালার বিধি **১৫** এর অধীন তাহার বিরুদ্ধে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে লাইসেন্সের কার্যকারিতা সাময়িকভাবে স্থগিত রাখিতে পারিবে।

১৭। **লাইসেন্স প্রদান, স্থগিত, বাতিল ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ**।- লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক কোন লাইসেন্স প্রদান করা হইলে অথবা উহা সাময়িকভাবে স্থগিত বা স্থায়ীভাবে বাতিল করা হইলে, উক্ত প্রদান, স্থগিত বা বাতিলের বিষয়টি অনতিবিলম্বে বোর্ড, বাংলাদেশ ব্যাংক, বন্দর কর্তৃপক্ষ, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিস, বাংলাদেশ ক্লিয়ারিং এন্ড ফরওয়াডিং এজেন্টস এসোসিয়েশন এবং বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ফ্রেইট ফরওয়ার্ডার এসোসিয়েশনকে অবহিত করিতে হইবে।

১৮। **আপীল**।- বিধি **১৫** ও **১৬** এর অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যে কোনো সিদ্ধান্তের বির□দ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি, বা লাইসেন্সি, বোর্ড বা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্তৃপক্ষ বা কর্মকর্তার নিকট, সিদ্ধান্ত প্রদানের ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে, আপীল করিতে পারিবে এবং এই বিষয়ে বোর্ড বা উক্ত কর্তৃপক্ষ বা কর্মকর্তার সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

১৯। **রপ্তানী পণ্যের বিপরীতে ট্রান্সপোর্ট ডকুমেন্ট ইস্যুকরণ**।- ক্যারিয়ার বা ক্যারিয়ারের এজেন্ট হিসাবে কার্য-সম্পাদনের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত লাইসেন্স বা ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স নম্বর ও মেয়াদ উত্তীর্ণের তারিখ উল্লেখ ব্যতীত বাংলাদেশ হইতে কোন রপ্তানী পণ্যের বিপরীতে কোন ক্যারিয়ার এজেন্ট বা ফ্রেইট ফরওয়ার্ডার কর্তৃক কোন ট্রান্সপোর্ট ডকুমেন্ট ইস্যু করা যাইবে না।

২০। **আমদানি পণ্য পরিবহন সংক্রান্ত বিধান**।- (১) ফ্রেইট ফরওয়ার্ডার্স এর মাধ্যমে পরিবাহিত আমদানি পণ্যের ক্ষেত্রে, উক্ত পণ্যের ক্যারিয়ার ফ্রেইট ফরওয়ার্ডার্স এর প্রিন্সিপালের নিকট হইতে পণ্যের আমদানিকারকের নাম ও পণ্যের বিবরণ সম্বলিত চালান গ্রহণপূর্বক কন্টেইনার বা প্যাকেজ পণ্য পরিবহন করিবে এবং বোর্ড কর্তৃক নির্ধারিত মেনিফেস্ট ফরমে আমদানিকারকের নাম ও পণ্য চালানের বিবরণ সংশ্লিষ্ট কাস্টমস হাউস বা স্টেশনে দাখিল করিবে।

(২) লাইসেন্সপ্রাপ্ত কোন ডেলিভারি এজেন্টের নামে বাংলাদেশের বাহির হইতে বাংলাদেশের কোন বন্দরে কোন পণ্য চালান আসিলে উক্ত ফ্রেইট ফরওয়ার্ডার্স এজেন্ট সংশ্লিষ্ট শিপিং এজেন্টের নিকট হইতে উক্ত পণ্য, প্যাকেজ বা কন্টেইনার গ্রহণ করিবে এবং ট্রান্সপোর্ট ডকুমেন্টের শর্তানুযায়ী উহা বন্দর কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থান বা কনন্টেইনার ফ্রেইট ষ্টেশন (সি এফ এস) শেড বা, ক্ষেত্রমত, কন্টেইনার ইয়ার্ডে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণক্রমে কনসাইনিকে পণ্য ডেলিভারী প্রদান করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন পণ্য ডেলিভারি প্রদানের ক্ষেত্রে, আমদানিকারকের ট্রান্সপোর্ট ডকুমেন্টে কোন চালান ডেলিভারি স্থানের কন্টেইনার ইয়ার্ড (সিওয়াই) অথবা সি এফ এস বা কোন স্থান পর্যন্ত "Freight Prepaid" লেখা থাকিলে, ঐ স্থান পর্যন্ত নিজ খরচে চুক্তিকারী ক্যারিয়ার বা তার পক্ষে নিয়োগকৃত ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্ট পণ্য আনয়নপূর্বক ট্রান্সপোর্ট ডকুমেন্টের শর্তানুসারে পণ্য চালান ডেলিভারি প্রদান করিবে।

(৪) লাইসেন্সপ্রাপ্ত নয় এমন কোন ব্যক্তির নাম ডেলিভারি এজেন্ট হিসাবে কোন ট্রান্সপোর্ট ডকুমেন্টে উল্লেখ করা হইলে বা উক্তরূপ কোন এজেন্টের নামে বাংলাদেশের বাহির হইতে বাংলাদেশের কোন বন্দরে কোন পণ্য চালান আসিলে পণ্য পরিবহনকারী বা তদনিয়োজিত শিপিং এজেন্ট-

(ক) উক্ত লাইসেন্স বিহীন ফ্রেইট ফরওয়ার্ডার্স এর সম্পৃক্ততা আগ্রাহ্য করিবে;

(খ) উক্ত পণ্য বহনকারী শিপিং এজেন্ট আমদানিকারকের নামে মেনিফেস্ট প্রদান পূর্বক এল সি এল কন্টেইনারের পণ্য দফা (গ) তে উল্লিখিত শেডে সংরক্ষণের ব্যবস্থা করিবে এবং উক্ত পণ্য চালান খালাসের যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে;

(গ) আমদানিকারকের ট্রান্সপোর্ট ডকুমেন্টে যদি "Freight Prepaid" লেখা থাকে, তাহা হইলে ট্রান্সপোর্ট ডকুমেন্টে উল্লিখিত ডেলিভারি স্থানের কন্টেইনার ফ্রেইট স্টেশন বা কন্টেইনার ইয়ার্ডে পণ্য আনয়ন ও ডেলিভারি প্রদান পর্যন্ত কনসাইনির নিকট হইতে কোন অর্থ আদায় করিতে পারিবে না।

২১। **আরবিট্রেশন কমিটি গঠন ও অভিযোগ নিস্পত্তি।**- (১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, একটি আরবিট্রেশন কমিটি থাকিবে।

(২) বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশনের একজন প্রতিনিধি এবং বন্দর কর্তৃপক্ষের একজন প্রতিনিধির সমন্বয়ে উক্ত কমিটি গঠিত হইবে।

(৩) উক্ত কমিটির কার্য-পদ্ধতি ও অন্যান্য বিষয়াদি বোর্ড কর্তৃক সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা নির্ধারিত হইবে।

(৪) উক্ত কমিটির নিকট সংশ্লিষ্ট যে কোন ব্যক্তি, বা প্রতিষ্ঠান বা কোন কনসাইনি ফ্রেইট ফরওয়ার্ডার্সের বিরুদ্ধে পণ্য খালাসের যথাযথ ব্যবস্থা গ্রহণ না করা বা কোন হয়রানি বা পণ্য ডেলিভারি সংক্রান্ত অন্য যে কোন অভিযোগ দায়ের করিতে পারিবে।

(৫) উক্ত কমিটি উক্তরূপ অভিযোগ পাইবার পর সংশ্লিষ্ট পক্ষগণের শুনানী গ্রহণ সাপেক্ষে, অভিযোগ দায়েরের ৩(তিন) কার্যদিবসের মধ্যে সিদ্ধান্ত প্রদান করিবে বা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে।

২২। **শিপিং এজেন্ট কর্তৃক পণ্য ডেলিভারী প্রদান না করার ক্ষেত্রে অনুসরণীয় কার্য-পদ্ধতি।**- (১) কোন পণ্য কনসাইনিকে ডেলিভারি প্রদানের লক্ষ্যে ফ্রেইট ফরওয়ার্ডার কর্তৃক যথাযথ ব্যবস্থা গৃহীত না হইলে পণ্য বন্দরে অবতরণের সর্বোচ্চ ৩ (তিন) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট কনসাইনি বা তার প্রতিনিধি বিধি ২১ এ বর্ণিত আরবিট্রেশন কমিটির নিকট অভিযোগ দায়ের করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধিন আরবিট্রেশন কমিটির নিকট কোন অভিযোগ দায়ের হইলে, উক্ত কমিটির সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট ফ্রেইট ফরওয়ার্ডার বা শিপিং এজেন্ট বা এয়ার লাইন এজেন্ট পণ্য খালাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে, উক্ত ক্ষেত্রে সংশ্লিষ্ট শিপিং এজেন্ট বা এয়ার লাইন এজেন্ট কনসাইনি কর্তৃক মূল ট্রান্সপোর্ট ডকুমেন্টস বা, ক্ষেত্রমত, ব্যাংক এনডোর্সকৃত ট্রান্সপোর্ট ডকুমেন্টস এবং কাস্টমস কর্তৃপক্ষের পণ্য খালাস আদেশের বিপরীতে কনসাইনিকে সরাসরি পণ্য ডেলিভারি প্রদান করিবে।

(৩) বিধি ১৩(ঝ) এ বর্ণিত অযৌক্তিক বিলম্বের ক্ষেত্রে, বন্দর কর্তৃপক্ষ মূল ট্রান্সপোর্ট ডকুমেন্টস বা, ক্ষেত্রমত, ব্যাংক এনডোর্সকৃত ট্রান্সপোর্ট ডকুমেন্টস এবং শুল্ক কর্তৃপক্ষের পণ্য খালাস আদেশের বিপরীতে কনসাইনিকে সরাসরি পণ্য ডেলিভারি প্রদান করিতে পারিবে।

২৩। **বিধিমালার ইংরেজী অনুবাদ প্রকাশ**।- এই বিধিমালা প্রবর্তনের পর বোর্ড, যথাশীঘ্র সম্ভব, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজী অনুবাদ প্রকাশ করিবে, যাহা অনুমোদিত ইংরেজী পাঠরূপে গণ্য হইবেঃ

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা ও ইংরেজী পাঠের মধ্যে কোন বিরোধ দেখা দিলে এই বিধিমালা কার্যকর হইবে।

২৪। **রহিতকরণ**।- জাতীয় রাজস্ব বোর্ডের ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৩ বঙ্গাব্দ/ ৭ জুন, ২০০৬ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপণ নং ১০৭-আইন/২০০৬/২১২২/শুল্ক এতদ্বারা রহিত করা হইল।

**ফরম-ক**

ফ্রেইট ফরওয়ার্ডার্স (লাইসেন্সিং ও কার্যপরিচালনা) বিধিমালা, ২০০৬ এর অধীন
**ফ্রেইট ফরওয়ার্ডিং লাইসেন্স প্রাপ্তির আবেদন**
**(বিধি ৫ দ্রষ্টব্য)**

কোর্ট ফি ষ্ট্যাম্প

পাসপোর্ট সাইজের ছবি
৩(তিন) কপি

বরাবর,
লাইসেন্সিং কর্তৃপক্ষ,
--------------
-------------- ।

মহোদয়,

আমি / আমরা ....................................................ফ্রেইট ফরওয়ার্ডার্স (লাইসেন্সিং ও কার্যপরিচালনা) বিধিমালা, ২০০৮ এর আওতায় ফ্রেইট ফরওয়ার্ডার্স হিসেবে ব্যবসা পরিচালনার জন্য আবেদন করিতেছি।

বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইলঃ

১। আবেদনকারীর পূর্ণ নাম ঃ

২। জাতীয়তা ঃ

৩। প্রতিষ্ঠানের নাম ঃ

৪। প্রতিষ্ঠানের ঠিকানা ঃ

৫। ব্যবসার ধরণ (ব্যক্তি মালিকানাধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারীত্বমূলক, লিমিটেড কোম্পানী, ইত্যাদি)ঃ

৬। যৌথ কারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ব্যবস্থাপনা পরিচালকগণের নামঃ

৭। লাইসেন্স পাইলে দলিলাদিতে স্বাক্ষরদানে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম ঃ

৮। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ঃ

৯। আয়কর ও ভ্যাট নিবন্ধন নম্বর ঃ

১০। একাউন্ট নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংকের নাম ও ঠিকানাঃ

১১। প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকা ঃ

১২। লাইসেন্সের প্রাপ্তির আবেদন কখনও প্রত্যাখ্যান করা হইয়াছিল কি-না; (প্রত্যাখ্যাত হইলে তাহার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করিতে হইবে)ঃ

আমি/আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি / আমরা ফ্রেইট ফরওয়ার্ডার্স (লাইসেন্সিং ও কার্যপরিচালনা) বিধিমালা, ২০০৮ পড়িয়াছি এবং আমি / আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, লাইসেন্স পাইলে আমি / আমরা এই বিধিমালার বিধানাবালীসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলী মানিয়া চলিব।

তারিখ ঃ

আপনার বিশ্বস্ত,

(আবেদনকারীর স্বাক্ষর ও দাপ্তরিক সীল)

সংযুক্তঃ **(বিধি ৫ এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা দিতে হইবে)**
**[নোট ঃ আবেদনপত্রে কোন প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।]**

**ফরম-খ**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
.................কাস্টম হাউস/কমিশনারেট

**ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স**
[বিধি ৬ (৪) দ্রষ্টব্য]

পাসপোর্ট সাইজের ছবি
১(এক) কপি

The Customs Act, 1969 (IV of 1969) এর section 207 এর আওতায় ---------- কাস্টম হাউস/স্টেশনে ফ্রেইট ফরওয়ার্ডিং ব্যবসা পরিচালনার জন্য ফ্রেইট ফরওয়ার্ডার্স (লাইসেন্সিং ও কার্য-পরিচালনা) বিধিমালা, ২০০৮ এর বিধি ৬ (৪) মোতাবেক এই লাইসেন্স প্রদান করা হইল।

লাইসেন্স নম্বর ঃ
ব্যক্তি/ প্রতিষ্ঠানের নাম ঃ
ঠিকানা ঃ
টেলিফোন / ফ্যাক্স / ই-মেইল ঃ

এই লাইসেন্সটি হস্তান্তরযোগ্য নয় এবং বিধিমালায় বর্ণিত কোন কারণে বাতিল, সাময়িকভাবে স্থগিত বা নবায়িত করা না হইলে ইস্যুর তারিখ হইতে দুই বৎসরের জন্য বলবৎ থাকিবে।

২। এই লাইসেন্স ........................................ কাস্টমস হাউস/কাস্টমস স্টেশনের জন্য প্রযোজ্য হইবে।

তারিখ ঃ (লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল)

পূর্ণ ঠিকানা ঃ

লাইসেন্স নবায়ন

| হইতে | পর্যন্ত | কর্তৃপক্ষের স্বাক্ষর |
|---|---|---|

**ফরম-গ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

.................কাস্টম হাউস/কমিশনারেট

**ফ্রেইট ফরওয়ার্ডার্স তালিকাভুক্তি সনদ**

[বিধি ৮ (২) দ্রষ্টব্য]

The Customs Act, 1969 (IV of 1969) এর section 207 এর আওতায় ---------------- কাস্টম হাউস/স্টেশনে ফ্রেইট ফরওয়ার্ডিং ব্যবসা পরিচালনার জন্য ফ্রেইট ফরওয়ার্ডার্স(লাইসেন্সিং ও কার্য-পরিচালনা) বিধিমালা, ২০০৮ এর বিধি ৮ (২) মোতাবেক নিম্নবর্ণিত লাইসেন্সিকে তালিকাভুক্ত করা হইল।

| | |
|---|---|
| তালিকাভুক্তির নম্বর | ঃ |
| মূল লাইসেন্স নম্বর ও প্রদানকারী কর্তৃপক্ষের নাম | ঃ |
| ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম | ঃ |
| ঠিকানা | ঃ |
| টেলিফোন / ফ্যাক্স / ই-মেইল | ঃ |

এই তালিকাভুক্তি সনদটি হস্তান্তরযোগ্য নয় এবং বিধিমালায় বর্ণিত কোন কারণে বাতিল/সাময়িকভাবে স্থগিত বা নবায়িত করা না হইলে ইস্যুর তারিখ হইতে মূল লাইসেন্সের মেয়াদে কার্যকর থাকিবে।

তারিখ ঃ (লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল)

পূর্ণ ঠিকানা ঃ

লাইসেন্স নবায়ন

| হইতে | পর্যন্ত | কর্তৃপক্ষের স্বাক্ষর |
|---|---|---|

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**স্বাক্ষরিত/-**

(আ,মু, মসুরুল আহমেদ)

সদস্য (শুল্ক)।